Ex/BNG/PG/3.2/2024

## কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.২

## বাংলা উপন্যাস, পর্ব-১

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

*প্রশ্নগুলি সমান মানের।*

১. 'রাজসিংহ' উপন্যাসের দ্বিতীয় খন্ডে যে ছিল নীতিহীন, প্রেমহীন, নিষ্ঠুর, আত্মপরায়ণ শাহজাদী - অষ্টম খন্ডে বিলাপরত সেই জেবুন্নিসার জন্যই বঙ্কিম বরাদ্দ করেন কালিদাসের 'কুমারসম্ভব'-এর পঙ্‌ক্তি। জেবুন্নিসার এই রূপান্তর কি লেখকের সচেতন পরিকল্পনাপ্রসূত? নাকি চরিত্রের হাতে স্বয়ং লেখক এখানে চালিত হয়েছেন? - এ প্রসঙ্গে তোমার ভাবনাটি গুছিয়ে লেখো।

**অথবা**

২. 'রাজসিংহ' উপন্যাসের বৃহদাকার চতুর্থ সংস্করণ রচনার পিছনে উদ্দেশ্য যাই থাক না কেন, সেই উদ্দেশ্য উপন্যাসটির ভিতরে উপস্থিত মানবদরদকে আড়াল করে দেয়নি। এইখানেই বঙ্কিমের হার এবং জিত। এই মন্তব্যটির সঙ্গে তুমি কি একমত হবে? যুক্তিসহ আলোচনা করো।





৩. কঙ্কাবতীকে 'মনের মত' গড়ে তোলা গেলেও খেতু তাকে বিয়ে করতে পারেনি। একে কি খেতুর পরাজয় বলে তুমি মনে করবে? উপন্যাসের প্রথম পর্বের এই দুটি প্রসঙ্গ উল্লেখ করে তোমার মতামত জানাও।

**অথবা**

৪. 'কঙ্কাবতী' উপন্যাসের প্রথম পর্বে কুসুমঘাটী গ্রামের প্রেক্ষিতে ডাইনি, ব্রহ্মদৈত্য ইত্যাদি প্রসঙ্গের উল্লেখ আছে। দ্বিতীয় পর্বে একটি পরিচ্ছেদের নাম 'ভূত-কোম্পানি'। এই দু'য়ের মধ্যে কোনো অনিবার্য যোগ কি খুঁজে পাওয়া সম্ভব বলে তুমি মনে কর? আলোচনা করো।

৫. আমি-পক্ষের কথক হিসেবে এবং সমগ্র আখ্যানের এক অবিচ্ছেদ্য অংশ হিসেবে 'চতুরঙ্গ' উপন্যাসে শ্রীবিলাসের ভূমিকাটি তুমি কীভাবে পড়তে চাও জানাও।

**অথবা**

৬. 'চতুরঙ্গ' উপন্যাসের প্রতিটি অধ্যায়ের সূচনা অথবা সমাপ্তিতে আছে একটি করে আত্মহত্যা বা মৃত্যুর ঘটনা। উপন্যাসের আখ্যান নির্মাণে এর বিশেষ কোনো তাৎপর্য আছে বলে তোমার মনে হয় কি? আলোচনা করে বুঝিয়ে দাও।

৭. 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে ব্যবহৃত রামায়ণ-প্রসঙ্গে এক বিশেষ মাত্রা পেয়ে যায় এর অসমাপ্ত বাৎসল্যের আখ্যানে। মন্তব্যটি বিশ্লেষণ করো।

**অথবা**

৮. ''মেয়েদের উপর রাগটা ঢোঁড়াইয়ের মনের একটা খোলস। তার স্নেহবুভুক্ষু মন নিজেকে ফাঁকি দেবার জন্য ঐ আবরণের আড়ালে যেতে চায়।'' ঢোঁড়াই সম্পর্কে উপন্যাস কথকের এই মন্তব্য তোমার কতদূর যুক্তিসঙ্গত বলে মনে হয় আলোচনা করে বুঝিয়ে দাও।

★ ★ ★